তারিখ ..12. .. 2016........
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

সমকাল

# আড়াইহাজারে শিক্ষকের বিরুদ্ধে স্কুলছাত্রী ধর্ষণের অভিযোগ

**আড়াইহাজার (নারায়ণগঞ্জ) প্রতিনিধি**

নারায়ণগঞ্জের আড়াইহাজারে বিয়ের কথা বলে কালাপাহাড়িয়া ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মুজিবুর রহমানের বিরুদ্ধে অষ্টম শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। ওই ঘটনায় ধর্ষিতার বাবা বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন। কর্তৃপক্ষের বিরুদ্ধে ঘটনা ধামাচাপা দেওয়ার অভিযোগ তুলেছে ধর্ষিতার পরিবার। অভিযুক্ত শিক্ষক ধর্ষিতার পরিবারকে থানায় অভিযোগ না দেওয়ার জন্য নানা হুমকি দিয়েছে। এদিকে স্কুলের শিক্ষার্থীদের বিক্ষোভের মুখে ওই শিক্ষক গা-ঢাকা দিয়েছেন।

শিক্ষক মুজিবুর রহমান তার কদমীচরের বাড়িতে প্রাইভেট পড়াতেন। ওই ছাত্রী তার কাছে প্রাইভেট পড়ত। একপর্যায়ে বিয়ে করবে বলে শিক্ষক ছাত্রীকে ধর্ষণ করে। এতে ওই ছাত্রী অন্তঃসত্ত্বা হয়ে পড়লে বিষয়টি তার বাবা-মাকে জানালে তারা শিক্ষক মুজিবুর রহমানকে বিয়ের জন্য বলেন। শিক্ষক বিয়ে করতে অস্বীকৃতি জানিয়ে পাল্টা হুমকি দেয়। এ খবর বিদ্যালয়ে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের বিক্ষোভে শিক্ষক স্কুল থেকে পালিয়ে যান।

ঘটনার সত্যতা নিশ্চিত করেন প্রধান শিক্ষক সুভল চন্দ্র ঘোষ। আড়াইহাজার থানার ওসি মো. সাখাওয়াত হোসেন সমকালকে জানান, এ ঘটনায় থানায় এখন পর্যন্ত কেউ অভিযোগ করেনি।